

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১১. হযরত ইউসুফ (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মিসরে ইউসুফের সময়কাল

মুহাম্মাদ ইবনু ইসহারু (৮০-১৫০ হিঃ) বলেন, ঐ সময় মিসরের সম্রাট ছিলেন 'আমালেরা' জাতির জনৈক রাইয়ান ইবনে ওয়ালীদ। তিনি পরবর্তীকালে ইউসুফের কাছে মুসলমান হন এবং ইউসুফকে মিসরের সর্বময় ক্ষমতায় বিসিয়ে বলেন, 'আমি আপনার চাইতে বড় নই, সিংহাসন ব্যতীত'। এ সময় للستُ أعظمَ منك إلا بالكرسي ইউসুফের বয়স ছিল মাত্র ৩০ বছর।[10] পক্ষান্তরে তারীখুল আম্বিয়ার লেখক বলেন, ইউসুফ (আঃ)-এর কাহিনীতে মিসরে যুগ যুগ ধরে রাজত্বকারী ফেরাউন রাজাদের কোন উল্লেখ না থাকায় অনেকে প্রমাণ করেন যে, কাহিনীতে মিসরে যুগ যুগ ধরে রাজত্বকারী ফেরাউন রাজাদের কোন উল্লেখ না থাকায় অনেকে প্রমাণ করেন যে, তারা সেখানে রাজত্ব করেন। যা ছিল ঈসা (আঃ)-এর আবির্ভাবের প্রায় দু'হাযার বছর পূর্বের ঘটনা'।[11] উল্লেখ্য যে, ইউসুফ (আঃ)-এর সময়কাল ছিল ঈসা (আঃ)-এর অনূন আঠারশ' বছর পূর্বেকার। তবে সুলায়মান মানছ্রপুরী বলেন, আনুমানিক ১৬৮৬ বছর পূর্বের। হ'তে পারে কেউ ইউসুফের সময়কালের শুরু করে। কেউ তাঁর মৃত্যু থেকে হিসাব করেছেন। তবে তাঁর সময় থেকেই বনু ইস্রাঈলগণ মিসরে বসবাস শুরু করে।

ফুটনোট

- [10]. ইবনু কাছীর, আল-বিদায়াহ ওয়ান-নিহায়াহ ১/১৯৬-১৯৭ পৃঃ।
- [11]. তারীখুল আম্বিয়া পৃঃ ১/১২৪ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4316

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন